# উচ্চমাধ্যমিক কাঠামো রাখার দাবিতে শাহবাগে পাঁচ কলেজের শিক্ষার্থীদের অবস্থান



সংগৃহীত ছবি

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির প্রস্তাবিত স্কুলিং মডেলকে কেন্দ্র করে তৈরি হওয়া অনিশ্চয়তার প্রতিবাদে পাঁচ সরকারি কলেজের উচ্চমাধ্যমিক শিক্ষার্থীরা শাহবাগ মোড় ঘিরে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি করেছেন। রোববার (৭ ডিসেম্বর) দুপুরের দিকে তারা মিছিলসহ শাহবাগে এসে সড়ক বন্ধ করে দেয়, ফলে যান চলাচল একেবারে থেমে যায়।

দিনের শুরুতে ঢাকা কলেজ, সরকারি বাংলা কলেজ, কবি নজরুল কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং বদরুন্নেসা কলেজের শিক্ষার্থীরা নিজেদের ক্যাম্পাসে আলাদা প্রতিবাদ কর্মসূচি পালন করেন। পরে তারা একত্র হয়ে শাহবাগে যোগ দেন। শিক্ষার্থীদের অভিযোগ— প্রস্তাবিত স্কুলিং মডেল কার্যকর হলে এসব কলেজে উচ্চমাধ্যমিক ধাপটি কার্যত বিলুপ্ত হয়ে যাবে, যার ফলে হাজারো শিক্ষার্থী পরিচয় সংকট ও একাডেমিক অনিশ্চয়তায় পড়বে।

LENS ASIA

অবরোধে থাকা শিক্ষার্থীরা জানান, উচ্চমাধ্যমিকের আলাদা কাঠামো বজায় রাখার বিষয়ে স্পষ্ট ঘোষণা না পাওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে।

অন্যদিকে, সাত কলেজকে একীভূত করে 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি' গঠনের উদ্যোগে অগ্রগতি না হওয়ায় স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরাও পৃথকভাবে পদযাত্রা ও অবস্থান কর্মসূচি ঘোষণা করেছেন। তাদের দাবি— দ্রুত অধ্যাদেশ জারি করে দীর্ঘদিনের ঝুলে থাকা প্রশাসনিক জট ও একাডেমিক অনিশ্চয়তার সমাধান করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় গত ১২ নভেম্বর জানায়, সাত কলেজকে একত্র করে নতুন একটি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং শিক্ষার্থীদের যাচাইবাছাইহীন তথ্য ছড়ানো থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়।